গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২২ এপ্রিল, ২০২০
৯ই বৈশাখ, ১৪২৭
২৭শে শাবান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ আরও উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল ডাঃ মোহাম্মদ শহীদউল্লাহ – পরিচালক (কেন্দ্রীয় ঔষধাগার), সিএমএসডি।

ব্রিফিং-এ ব্রিগেডিয়ার জেনারেল ডাঃ মোহাম্মদ শহীদউল্লাহ জানান যে সিএমএসডি তার কারিগরি কমিটি দ্বারা পরীক্ষাকৃত ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসমূহ (পিপিই) ও অন্যান্য উপকরণ নিয়মিতভাবে দেশজুড়ে বিতরণ করে যাচ্ছে। তিনি জানান যে, এসকল পিপিই এবং এন-৯৫ মাস্কের সমমানের মাস্ক দেশের সকল পর্যায়ে কোভিড-১৯ চিকিৎসার সাথে সম্পৃক্ত হাসপাতালসহ অন্যান্য হাসপাতাল, কোভিড-১৯ পরীক্ষার জন্য ল্যাব ও মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্যকর্মীদের মাঝে অগ্রাধিকার ভিত্তিতে বিতরণ করা হচ্ছে। তিনি আরো জানান যে আমাদের দেশে বর্তমানে এন-৯৫ মাস্কের সমমানের মাস্ক মজুত রয়েছে। তিনি জানান যে, সিএমএসডি লেটেক্স পারটিক্যাল তৈরি সার্জিক্যাল গ্লোবস বিতরণ করেছে। স্বাস্থ্য অধিদপ্তর ও সিএমএসডি তার কারিগরি কমিটি দ্বারা এই সকল গ্লোবস এর মান পরীক্ষা করা হচ্ছে। তিনি কিছু সংস্থা কর্তৃক বিভিন্ন হাসপাতালে অনুদান হিসেবে প্রদেয় চিকিৎসা ও সুরক্ষা সামগ্রীর মান যাচাই করার জন্য অধীনস্ত চিকিৎসকদের অনুরোধ জানান। তিনি বলেন যে, সিএমএসডি সবসময় বস্তুনিষ্ঠ সমালোচনা গ্রহন করতে প্রস্তুত। কাঙ্ক্ষিত মানের সামগ্রী সরবরাহের মাধ্যমে কোভিড-১৯ চিকিৎসায় আরও সহায়ক ভূমিকা পালন করবেন বলে তিনি আশা ব্যক্ত করেন।

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা দেশের কোভিড-১৯ পরিস্থিতি বর্ণনাসহ এ সংক্রান্ত অন্য সকল তথ্য উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৪ ঘন্টায় ১০জন মৃত্যুবরণ করেছেন। মৃতদের মধ্যে পুরুষ ৭ জন ও মহিলা ৩ জন এবং তাদের মধ্যে ষাটোর্ধ ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৩ জন ও ২১-৩০ বছরের মধ্যে ২ জন। তিনি আরও জানান, মৃত ব্যক্তিদের মধ্যে ঢাকার ভিতরে ৭ জন এবং ঢাকার বাইরে নারায়নগঞ্জ, ময়মনসিংহ ও টাঙ্গাইলে প্রতি জেলায় ১জন করে। তিনি বলেন অনেকেই জানতে চান সুস্থতা এত কম কেন, এর ব্যাখ্যায় তিনি জানান সুস্থ্য হতে দীর্ঘ সময় লেগে যায়। উপসর্গসহ ১৪ দিন সময় লাগে,এরপর ধীরে ধীরে সুস্থ্য হয় এবং এই সময়ে ২টি নমুনা পরীক্ষায় নেগেটিভ হলেই রোগীকে সুস্থ্য বলা হয়। এর পর তিনি জেলা ভিত্তিক কোভিড-১৯ সংক্রান্ত বিশ্লেষণ দেন। তিনি জানান, বাংলাদেশে ৬৪টি জেলার মধ্যে ৫৫টি জেলা কোভিড-১৯ দ্বারা আক্রান্ত। আক্রান্ত রোগীর মধ্যে শতকরা ৭৩ ভাগ ঢাকা বিভাগের। তন্মধ্যে ঢাকা সিটি, নারায়নগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ ও নরসিংদীতে সর্বাধিক। তিনি উল্লেখ করেন যে, নারায়নগঞ্জ থেকে মোট ৬৮১ জনের মধ্যে ৫৯৮ জন কোয়ারেন্টাইন হতে মুক্ত হয়েছেন। যারা কোয়ারেন্টাইন হতে ছাড় পেয়েছেন তারা সম্পূর্ণ সুস্থ। তিনি ঘরে থাকা ও সামাজিক দূরত্ব মেনে চলা, বারবার হাত ধোয়ার উপর গুরুত্ব আরোপ করেন ও সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানান।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		এপর্যন্ত সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	৯২	৩,৫৬২
৩,০৯৬	৩২,৬৭৪	৩৯০	৩,৭৭২	১০	১২০		

প্রতিষ্ঠানভিত্তিক নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান		কোভিড-১৯ পরীক্ষা		
		নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকায়	১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	৮১	৮১	৯১৭
	২) বিএসএমএমইউ	২৮১	২৮১	২০৫২
	৩) চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন ও ঢাকা শিশু হাসপাতাল	২৩৬	২৩৬	২১৯৪
	৪) ঢাকা মেডিকেল কলেজ	১৫৬	১৫৬	১১৮৪
	৫) আইসিডিডিআরবি	২২৮	২২৮	১৭১৫
	৬) আইদেশী	৯৬	৯৬	১৩০৫
	৭) এনপিএমএল - আইপিএইচ	২৫২	২৫২	২৬৮২
	৮) আইইডিসিআর	৪১৩	৪১৩	৭৪৫৮
	৯) ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার	১৮৮	১৮৮	৩০০১
	১০) মুগদা মেডিকেল কলেজ	৪৮	৪৮	১৫০
ঢাকার ভিতরে মোট		**১,৯৭৯**	**১,৯৭৯**	**২২,৬৫৮**
ঢাকার বাইরে	১১) বিআইটিআইডি	১৪০	১৪০	১৭২০
	১২) কক্সবাজার মেডিকেল কলেজ	৪০	৪০	৪৯৭
	১৩) ময়মনসিংহ মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	২০৭৪
	১৪) রাজশাহী মেডিকেল কলেজ	৮৫	৮৫	১১০১
	১৫) রংপুর মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	১৭৬০
	১৬)সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ	১৫৭	৭৩	১০৫৫
	১৭) খুলনা মেডিকেল কলেজ	৬৯	১৯১	১০৫৭
	১৮)শের-এ-বাংলা মেডিকেল কলেজ	৮৮	৯৪	৪৪০
	১৯) ফরিদপুর মেডিকেল কলেজ	২৯	২৯	৮৬
	২০) শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া	২৯	২৯	৩৩
	২১) যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	৬০	৬০	১৯৩
ঢাকার বাইরে মোট		**১,০৭৩**	**১,১১৭**	**১০,০১৬**
সর্বমোট		**৩,০৫২**	**৩,০৯৬**	**৩২,৬৭৪**

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (২২-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৪,৯৮,১৫০	১১,৬৮,২৪৮	৩,২৯,৯০২

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (২১ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২২ এপ্রিল সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	৩,২৪০	৩,০৫২	১,৫৭,০৩৪	৭৮,৯১৫	৭৮,১১৯
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৩২৭	১২০	৭,৩৩৯	১,২৬১	৬,০৭৮
সর্বমোট	৩,৫৬৭	৩,১৭২	১,৬৪,৩৭৩	৮০,১৭৬	৮৪,১৯৭

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে - ৫৬৫ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে – ২৮,৭১৯ জনকে।**

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (২১ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২২ এপ্রিল দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
১৫০	৯০০

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫২,৮৭১	২২,০৬,৩৬২
৩৩৩	২৫,০১৯	৭,১৫,৯৩৯
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	৩,১০৯	১,৫১,২০১
মোট ফোন কলের সংখ্যা	৮০,৯৯৯	৩০,৭৩,৫০২

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২২-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৯৮২।

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	২৬৩	৩,২৩,৪০৭
স্থলবন্দর সমূহ	১৫৮	৩,২৭,৮২০
সমুদ্রবন্দর সমূহ	১৭৫	১৪,৬৬১
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৫৯৬	৬,৭২,৯১৭

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামুলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 92, April 21)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	**২,০৯৪**	**৬৬**	**৩১,৬৭০**	**১,৩৪১**
সারা বিশ্ব	**৮৩,০০৬**	**৫,১০৯**	**২৩,৯৭,২১৬**	**১,৬২,৯৫৬**

22/04/2020

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর